

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বগুড়া অঞ্চল, বগুড়া
dae-bogreg.rajshahidiv.gov.bd

স্মারক নং- ১২.০১.০০০০.০৪০.১৪.০০৫.২৫. ১১১

তারিখ : ০৯/০১/২০২৫খ্রি:

বিষয় : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ড্রাইভার ও ব্যক্তিগত সহকারী শূন্যপদে নিয়োগের নিমিত্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ ও সার্টিফিকেট/প্রত্যয়নপত্র যাচাই কার্যক্রমে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও সাপোর্ট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার দপ্তর স্মারক নং- ১২.০১.০০০০.৩৮.১১.০০৩.২০২৩ (খন্ড-১)/৯৬ তারিখঃ ০৭-০১-২০২৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ড্রাইভার ও ব্যক্তিগত সহকারী পদে নিয়োগের নিমিত্ত প্রাথমিক বাছাইয়ে আপনি নির্বাচিত হয়েছেন। নিয়োগপত্র জারীর পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সকল প্রকার সনদপত্র উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে আগামী ১২-০১-২০২৫খ্রি: তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় উপপরিচালক, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া দপ্তরের সম্মেলন কক্ষে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ ও সার্টিফিকেট/প্রত্যয়নপত্র যাচাই বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে আপনাকে যথাসময়ে নিম্নবর্ণিত ২ (দুই) সেট সত্যায়িত কাগজপত্রসহ সকল প্রকার সার্টিফিকেটের মূলকপিসহ উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য উক্ত কার্যক্রমে অংশগ্রহণ বাবদ কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবে :

১. সম্প্রতি তোলা ছবি।
২. অনলাইনে আবেদনপত্রের হার্ডকপি।
৩. নাগরিকত্ব সনদপত্র।
৪. শিক্ষাগতযোগ্যতার সনদপত্র (সকল)।
৫. কোটার স্বপক্ষে সকল কাগজপত্র।
৬. জাতীয় পরিচয়পত্র।
৭. লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র।
৮. ড্রাইভিং লাইসেন্স।
৯. প্রত্যয়ন পত্র (সকল) এবং প্রয়োজনীয় সকল প্রকার কাগজপত্র।

(মোঃ ইশমাইল হোসেন)

অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোনঃ ০২৫৮৮৮১৩৬৫১

adbogra@dae.gov.bd

প্রাপক

নাম :

পিতার নাম :

মাতার নাম :

গ্রাম : ডাকঘর :

উপজেলা : জেলা :

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও সাপোর্ট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. উপপরিচালক, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া। পত্রে বর্ণিত তারিখে আপনার দপ্তরের সম্মেলন কক্ষটি ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।